

# STUDENTS' FEDERATION OF INDIA

## Technology Campus Unit Calcutta University Local Committee

79/3A, Acharya Jagadish Chandra Bose Road,  
Dinesh Majumder Bhawan  
KOLKATA – 700014

DATE:- 30/07/2025

### প্রেস বিবৃতি

#### **WBJEE ফলপ্রকাশে ইচ্ছাকৃত বিলম্ব – শিক্ষাক্ষেত্রকে ধ্বংস করে বেসরকারি প্রতিষ্ঠানের পথ মসৃণ করেছে রাজ্য সরকার**

পরীক্ষার ৩ মাস অতিক্রান্ত হওয়ার পরও পশ্চিমবঙ্গ যুগ্ম প্রবেশিকা পরীক্ষা (WBJEE) ২০২৫-এর ফল প্রকাশ না হওয়া এবং তৎসংক্রান্ত কাউন্সেলিং-এর অনিশ্চয়তা নিয়ে ভারতের ছাত্র ফেডারেশন, কলকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটির টেকনোলজি ক্যাম্পাস ইউনিট তীব্র প্রতিবাদ জানাচ্ছে ও ক্ষোভ প্রকাশ করেছে। প্রথম থেকেই OBC সংরক্ষণ মামলাকে সামনে রেখে ফলপ্রকাশে বিলম্ব করা হলেও আমরা মনে করি, এটি শুধুমাত্র প্রশাসনিক গাফিলতি নয়—বরং রাজ্য সরকারের একটি পরিকল্পিত চক্রান্ত, যার উদ্দেশ্য বেসরকারি কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে সুবিধা পাইয়ে দেওয়া। আমরা ইতিমধ্যেই দেখেছি, একদিকে যেমন কেন্দ্র সরকার NEP লাগু-এর মাধ্যমে শিক্ষার বেসরকারিকরণ করার চেষ্টা করেছে, অন্যদিকে রাজ্য সরকারও SEP-এর মাধ্যমে রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে বেসরকারিকরণের দিকে ঠেলে দিচ্ছে। আজ WBJEE ফলপ্রকাশে ইচ্ছাকৃত বিলম্ব সেই একই চক্রান্তেরই অংশ। একদিকে রাজ্য সরকার উচ্চশিক্ষার আর্থিক কাটছাট করেছে, সরকারি প্রতিষ্ঠানগুলোতে অব্যবস্থা ও অবমূল্যায়ন চলছে—অন্যদিকে ছাত্রছাত্রীদের বাধ্য করা হচ্ছে বেসরকারি, মুনাফাভিত্তিক প্রতিষ্ঠানের দিকে ঝুঁকতে।

রাজ্য সরকার ইতিমধ্যেই এই রাজ্যের শিক্ষাক্ষেত্রে বারংবার আক্রমণ করেছে, আর এবার তাঁদের লক্ষ্য শিক্ষাক্ষেত্রকে সম্পূর্ণভাবে ধ্বংস করা। প্রত্যেক বছর এই বিলম্ব হওয়ার কারণে বড় অংশের ছাত্রছাত্রী ভিন্ন রাজ্যে পড়তে চলে যাচ্ছে, মেধার 'আউটসোর্সিং' হচ্ছে, এবং আমাদের আশঙ্কা এই বছরও সেটাই ঘটতে চলেছে। ভারতের ছাত্র ফেডারেশন (SFI) এই শিক্ষাবিরোধী, ছাত্রবিরোধী মনোভাবের তীব্র নিন্দা জানায়।

প্রত্যেক বছর যদি এই পরিস্থিতির পুনরাবৃত্তি ঘটে, তাহলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উচিত WBJEE বোর্ড থেকে বেরিয়ে এসে ইঞ্জিনিয়ারিং বিভাগগুলির জন্য স্বতন্ত্র ভর্তি পরীক্ষা গ্রহণের কথা চিন্তা করা, যাতে ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ ও জীবন নিয়ে আর কোন আপোষ না হয়।

আমরা দাবি জানাচ্ছি:

- WBJEE-র ফল অবিলম্বে প্রকাশ করতে হবে।
- অবিলম্বে স্বচ্ছ, ঘোষিত কাউন্সেলিং সময়সূচী দিতে হবে।
- OBC সংরক্ষণ সংক্রান্ত বিষয়টি নিয়ে পরিষ্কার ও দায়িত্বশীল অবস্থান জানাতে হবে।
- বেসরকারিকরণের নোংরা খেলায় শিক্ষার্থীদের ব্যবহার বন্ধ করতে হবে।



Swastik Ray  
President



Ritorshri Pal  
Secretary